শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন-৫৫/৪৫৬ তারিখঃ ০২/০৮/২০১৭খ্রিঃ

বিষয় ঃ **স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

সূত্র ঃ
১) স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৩৮৩; তারিখঃ ২৬ জুলাই ২০১৭খ্রিঃ
২) স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৩৮৫; তারিখঃ ২৬ জুলাই ২০১৭খ্রিঃ
৩) স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৩৮৭; তারিখঃ ২৬ জুলাই ২০১৭খ্রিঃ
৪) স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৩৮৮; তারিখঃ ২৬ জুলাই ২০১৭খ্রিঃ
৫) স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৩৮৯; তারিখঃ ২৬ জুলাই ২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৫ আগষ্ট ২০১৭ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

"জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ, চাহিদার আলোকে পোস্টার মুদ্রণ ও বিতরণ এবং বঙ্গবন্ধুর ওপর প্রামান্য চলচ্চিত্র প্রদর্শন। শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথসেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।"

"সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, হাইস্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।"

"জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিতকরণ করতে হবে।"

**"বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা গ্রন্থ দু'টি ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদান করতে হবে।"**

"১৫ আগষ্ট ২০১৭ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।"

গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদরাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটি এবং সংশ্লিষ্ট সকলকে **১৫ আগষ্ট ২০১৭ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে উল্লিখিত সিদ্ধান্তসমূহ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় পালনের** নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া ঐ দিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কোনরূপ শ্রেণি কার্যক্রম পরিচালিত হবে না, তবে অনুষ্ঠানসমূহে অধ্যক্ষ/সুপারসহ সকল শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

০২.০৮.১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৫৮৬১০২১৬

প্রাপকঃ অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটি, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা।

নং- বামাশিবো/সংস্থাপন-৫৫/৪৫৬(৯) তারিখঃ ০২/০৮/২০১৭খ্রিঃ

**বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ**

১. জেলা প্রশাসক, সকল।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক/ মাদরাসা পরিদর্শক/ প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।(পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)
৭. সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড আঞ্চলিক কার্যালয়, সকল।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯৬৭৪৮৭৪

E:\Shujan\Ministry\15 August-2017